# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** সোহাগ ইন্টারনেট ব্রাউজিং করে একটি দেশের ভৌগোলিক অবস্থান সম্পর্কে তথ্য সংগ্রহ করে। সে যে তথ্যগুলো সংগ্রহ করে তা হলো (ক) ২০° ৩৪ – ২৬° ৩৮ উত্তর অক্ষাংশ (খ) ৮৮°০১–৯২°৪১°৪১ পূর্ব দ্রাঘিমাংশ।

ক. বিশ্ব অর্থনীতিতে প্রথম স্থান অধিকারী দেশ' কোনটি? ১

খ. ভারতের জলবায়ু কেমন? বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে সোহাগের সংগ্রহকৃত তথ্য কোন দেশটিকে নির্দেশ করে? সে দেশের মানচিত্র অংকন করে ৭টি বিভাগ দেখাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশটির প্রশাসনিক অঞ্চল সম্পর্কে পর্যালোচনা কর। ৪

**২.▶** মি. তৌসিফ বাংলাদেশের মানচিত্র দেখিয়ে ছাত্রছাত্রীদের বললেন যে, এই দেশের জনসংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আয়তনের তুলনায় জনসংখ্যা অনেক বেশি যা মানুষের অর্থনৈতিক উন্নয়নের অন্তরায়। এ বিষয়টি আজ দেশের সকলকে উদ্বিগ্ন করে তুলেছে।

ক. অভিগমন কাকে বলে? ১

খ. কাম্য জনসংখ্যা বলতে কি বুঝ? ২

গ. উদ্দীপকে শিক্ষক যে বিষয়টি নিয়ে সারা দেশের মানুষ উদ্বিগ্ন বলে মন্তব্য করেছেন তার পক্ষে যৌক্তিক কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. জনসংখ্যা দ্রুত বৃদ্ধি বাংলাদেশে কী প্রভাব ফেলবে? মতামত বিশ্লেষণ কর। ৪

**৩.▶** মনু মিয়া গ্রামে বাস করে। বাড়িতে বসে সে তার নিজের তাঁতে লুঙ্গি, গামছা ও শাড়ি বোনে। সপ্তাহে প্রতি শনিবার সে তার বোনা কাপড় নিয়ে ফুলতলা হাটে যায় এবং সারা দিন কাপড় বিক্রি করে সন্ধ্যায় উদ্বৃত্ত মাল নিয়ে বাড়ি ফেরে।

ক. গ্রামীণ বসতি কাকে বলে? ১

খ. বাংলাদেশের কয়েকটি বসতির ধরণ উল্লেখ কর। ২

গ. ফুলতলা হাটটি গড়ে উঠার পেছনে ভৌগোলিক উপাদানের ভূমিকা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে গ্রামীণ হাটবাজারের বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। ৪

teachingbd.com

৪.▶ ভৌগোলিক অবস্থান, জলবায়ু ও মানুষের প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্য রেখে বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকার কৃষি ক্ষেত্রে গড়ে উঠেছে। চাষের ধরণ ও প্রকৃতির উপর নির্ভর করে এদের বিভিন্ন শ্রেণিতে বিভক্ত করা হয়। যেমন- প্রগাঢ়, ব্যাপক, মিশ্র ইত্যাদি। তবে পৃথিবীর সমতল ও জনবিরল তৃণভূমি ক্ষেত্রসমূহেই পশুপালন ব্যবস্থা লাভজনক।

ক. মৎস্য চাষ কী? ১

খ. বাংলাদেশের মৎস্য সম্পদকে কয় ভাগে ভাগ করা হয়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত প্রগাঢ় ও ব্যাপক কৃষির পার্থক্য ব্যাখ্যা করো। ৩

ঘ. পশুপালন মানুষের অর্থনৈতিক ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ লাভজনক অধ্যায় – বিশ্লেষণ করো। ৪

৫.▶ শায়লা গ্রামে বাস করে। সে তার চাচাতো বোন সীমার বাসায় বেড়াতে যায়। সীমা ঢাকায় থাকে এবং গ্যাস দিয়ে রান্না করে। অপরদিকে শায়লাদের গ্রামের বাড়িতে কাঠ দিয়ে রান্না করে। শায়লা সীমার বাসায় একদিন গ্যাসের চুলায় কাপড় শুকাতে দিলে তার বোন সীমা তাকে বুঝিয়ে বলে যে, গ্যাস অপচয় করা ঠিক না বরং সংরক্ষণ করতে পরামর্শ দেয়।

ক. খনিজ সম্পদ কাকে বলে? ১

খ. বাংলাদেশের কয়লা ক্ষেত্রগুলোর নাম লিখ। ২

গ. উদ্দীপকে আলোচিত খনিজ সম্পদটির বিশ্বে উৎপাদনের বিবরণ দাও। ৩

ঘ. উক্ত সম্পদটি ব্যবহারে অপচয়রোধ ও মিতব্যয়িতা সম্পর্কে সীমার সচেতনতার পক্ষে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬.▶ মাজেদা ঢাকার একটি শিল্প কারখানায় কর্মরত। যেখানে প্রায় সবাই নারী শ্রমিক। ঢাকা ছাড়াও অন্যান্য গুরুত্বপূর্ণ নগরী, চট্টগ্রাম ও খুলনায় এ শিল্প অঞ্চল গড়ে উঠেছে। এটা দেশের মোট রপ্তানি আয় প্রায় ৩৯.৫৩%।

ক. শিল্প কী? ১

খ. লৌহ ও ইস্পাত শিল্প গড়ে উঠার প্রাকৃতিক নিয়মগুলো ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পকে আরো সমৃদ্ধ করতে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের উন্নতিতে নারী শ্রমিকের অবদান বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

## ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট পূর্ণমান — ৩৫ বিষয় কোড : ১ ২ ৬

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **জনসংখ্যার আকার বলতে কী বোঝ?**
ক) কোন বস্তুর উপাদানগত সংবন্ধতা
খ) বিভিন্ন মানুষের সংবন্ধতা
গ) জনবসতির নিবিড়তা
ঘ) কোন এলাকার অন্তর্ভুক্ত মানুষের মোট সংখ্যা

২. **ধানের বৈজ্ঞানিক নাম কী?**
ক) *Oryza Sativa*
খ) *Triticum aestivum*
গ) *Saceharum Officinarum*
ঘ) *Camellia Sinensis*

৩. **আশুগঞ্জ সার কারখানার প্রধান কাঁচামাল কী?**
ক) কয়লা খ) ছাতকের গ্যাস
গ) স্থানীয় প্রাকৃতিক গ্যাস
ঘ) হরিপুরের খনিজ তেল

৪. **চীন বাংলাদেশ মৈত্রী হিসেবে কোন বছরকে ঘোষণা করা হয়?**
ক) ২০০৫ সাল খ) ২০০৬ সাল
গ) ২০০৭ সাল ঘ) ২০০৮ সাল

৫. **কত সালে জি আইএস এর সূচনা হয়?**
ক) ১৭৮৪ সালে খ) ১৯৬৪ সালে
গ) ১৯৫০ সালে ঘ) ২০০১ সালে

৬. **কয়েকটি স্বাধীন রাজনৈতিক অঞ্চলের এক শিথিল বন্ধনাবন্ধ রাষ্ট্রকে কী বলা হয়?**
ক) বাফার রাষ্ট্র খ) কনফেডারেশন
গ) অধিরাজ্য ঘ) উপনিবেশ

৭. **রাজশাহী শহরের প্রাচীন নাম কী ছিল?**
ক) রামপুর বোয়ালিয়া খ) জাহাঙ্গীরনগর
গ) চন্দ্রদ্বীপ ঘ) নিক্সন

৮. **কামতা গ্যাসক্ষেত্র কোথায় অবস্থিত?**
ক) ফেনী খ) চট্টগ্রাম
গ) গাজীপুর ঘ) নারায়ণগঞ্জ

৯. **কোন নদীর পশ্চিমাংশের জেলাগুলোতে ব্রডগেজ রেল ব্যবস্থা চালু আছে?**
ক) যমুনা খ) মেঘনা
গ) ব্রহ্মপুত্র ঘ) ধলেশ্বরী

১০. **বাংলাদেশে ঘূর্ণিঝড় আইলা কখন সংঘটিত হয়?**
ক) ২০০৭ সালে খ) ২০০৪ সালে
গ) ২০০৯ সালে ঘ) ২০১৩ সালে

১১. **নিচের কোনটি সজীব দূষক?**
ক) প্রোটজোয়া খ) সালফেট
গ) লবণ ঘ) পারদ

১২. **বাংলাদেশের আমদানিকৃত পণ্যগুলোর মধ্যে উল্লেখযোগ্য—**
i. লৌহ ও ইস্পাত
ii. টেক্সটাইল
iii. পেট্রোলিয়াম দ্রব্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. **জাপান ও এশিয়ার শ্রেষ্ঠ লৌহ ও ইস্পাত শিল্প কেন্দ্র কোনটি?**
ক) ওসাকা খ) কোবে
গ) মুরোরন ঘ) মাঞ্চুরিয়া

১৪. **Agros ও Culture কোন জাতীয় শব্দ?**
ক) ল্যাটিন খ) গ্রিক
গ) ফরাসি ঘ) ইংরেজি

১৫. **রোহিঙ্গারা মূলত কোন দেশ থেকে আগত?**
ক) চীন খ) থাইল্যান্ড
গ) ভারত ঘ) মায়ানমার

১৬. **ভারত কত বছর ইংরেজদের অধীনে শাসিত ছিল?**
ক) ২৫০ খ) ১৯০
গ) ১৫০ ঘ) ১২৫

১৭. **বর্তমান মেগাসিটি ঢাকার আয়তন কত?**
ক) ১৩৭১ বর্গ কি.মি. খ) ১৬০০ বর্গ কি.মি.
গ) ১৬৫০ বর্গ কি.মি. ঘ) ১৭০০ বর্গ কি.মি.

১৮. **কয়লা উত্তোলনে যুক্তরাষ্ট্র কত তম অবস্থানে রয়েছে?**
ক) প্রথম খ) দ্বিতীয়
গ) তৃতীয় ঘ) চতুর্থ

১৯. **কোন জেলায় রেলপথ নেই?**
ক) যশোর খ) রাজশাহী
গ) বরিশাল ঘ) জামালপুর

Teachingbd.com

২০. পানির সাথে অবস্থিত পদার্থ মিশ্রণের ফলে পানির পরিবর্তন হয়—
i. প্রাকৃতিক বৈশিষ্ট্যের
ii. রাসায়নিক বৈশিষ্ট্যের
iii. জৈব বৈশিষ্ট্যের
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

২১. আফ্রিকা মহাদেশের ভূ-প্রকৃতি কিরূপ?
(ক) সমভূমি    (খ) মালভূমি
(গ) পর্বত বেষ্টিত    (ঘ) শৃঙ্গবিশিষ্ট

২২. পৃথিবীর অধিকাংশ ধান উৎপন্ন হয়ে থাকে—
i. দক্ষিণ-পূর্ব এশিয়ার মৌসুমি জলবায়ু অঞ্চলে
ii. পূর্ব এশিয়ার মৌসুমি জলবায়ু অঞ্চলে
iii. আফ্রিকা অঞ্চলে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii

২৩. বর্তমান বিশ্বের কার্পাস বয়নে কোন দেশ প্রথম হয়েছে?
(ক) চীন    (খ) ভারত
(গ) যুক্তরাষ্ট্র    (ঘ) কানাডা

২৪. ঘোড়াশাল সার কারখানা কত সালে সার উৎপাদন শুরু করে?
(ক) ১৯৭২ সালে    (খ) ১৯৭৫ সালে
(গ) ১৯৭৮ সালে    (ঘ) ১৯৮২ সালে

২৫. বাংলাদেশের রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (EPZ) এর বৃহত্তম বিনিয়োগকারী দেশ কোনটি?
(ক) উত্তর কোরিয়া    (খ) দক্ষিণ কোরিয়া
(গ) জাপান    (ঘ) চীন

২৬. বর্তমান বাংলাদেশে প্রতি বর্গমাইলে প্রায় কতজন লোক বাস করে?
(ক) ১০১৫ জন    (খ) ১৫০০ জন
(গ) ২১৪৫ জন    (ঘ) ২৪০১ জন

২৭. সোপান এলাকা বলতে বোঝায়—
i. যমুনার পশ্চিমের বরেন্দ্র ভূমি
ii. যমুনার পূর্বের মধুপুর গড়
iii. কুমিল্লার লালমাই পাহাড়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রনি দীর্ঘদিন ধরে তার পরিবারের সাথে বার্মিংহাম উপত্যকায় বাস করে। সেখানে নিম্ন শ্রেণির লিমোনাইট জাতীয় আকরিক লোহা পাওয়া যায়।

২৮. রনি কোন দেশে বাস করে?
(ক) রাশিয়া    (খ) যুক্তরাষ্ট্র
(গ) যুক্তরাজ্য    (ঘ) জাপান

২৯. রনির বসবাসকৃত স্থানের আকরিক লোহা, যেগুলোতে মিশ্রিত থাকে—
i. কাঁদা
ii. বালি
iii. নুড়ি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii

৩০. নিচের কোনটির সাথে জীবের নিবিড় সম্পর্ক রয়েছে?
(ক) মানুষের    (খ) পরিবেশের
(গ) বায়ুমণ্ডলের    (ঘ) উপরের সবগুলোর

৩১. লন্ডনের উপর দিয়ে কোন রেখা অতিক্রম করেছে?
(ক) কর্কটক্রান্তি    (খ) মকরক্রান্তি
(গ) মূলমধ্যরেখা    (ঘ) পশ্চিমা রেখা

৩২. গ্রামীণ হাট-বাজার গড়ে ওঠার মূল কারণ কোনটি?
(ক) অর্থনৈতিক    (খ) সামাজিক
(গ) রাজনৈতিক    (ঘ) সাংস্কৃতিক

৩৩. গ্রাফাইটে কি পরিমাণ কার্বন থাকে?
(ক) প্রায় ৯০ ভাগ    (খ) প্রায় ৯২ ভাগ
(গ) প্রায় ৯৫ ভাগ    (ঘ) প্রায় ৯৯ ভাগ

৩৪. বাংলাদেশে কতটি স্থলবন্দর রয়েছে?
(ক) ১০টি    (খ) ১৫টি
(গ) ১৯টি    (ঘ) ২৪টি

৩৫. শব্দ দূষণের কারণ গুলোর মধ্যে নিচের কোনটি প্রধান উৎস?
(ক) শিল্পক্রিয়া    (খ) যান্ত্রিকক্রিয়া
(গ) পরিবহন    (ঘ) কথোপকথন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক |
| ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | গ | | | | | | | | | | |

Teachingbd.com